Royal College of Anaesthetists

# সিডেশন এর ব্যাখ্যা

## সিডেশন কী, এটা কীভাবে কাজ করে, এবং আপনার কখন এটা দরকার হতে পারে তা এই লিফলেটটিতে ব্যাখ্যা করা হয়েছে। এছাড়াও, সিডেশন ব্যবহার করলে কেমন লাগতে পারে এবং এর সুবিধা ও ঝুঁকিগুলোও এখানে ব্যাখ্যা করা হয়েছে।

## গুরুত্বপূর্ণ হলো, এটা আপনাকে সিডেশন পরবর্তী যত্নের পরিকল্পনার জন্য কী দরকার হবে জানায়।

## এটি অ্যানেস্থেটিস্ট, রোগী এবং তাঁদের প্রতিনিধিরা মিলিতভাবে রচনা করেছেন।

চিকিৎসা বা প্রক্রিয়া চলাকালীন আপনার আরও শিথিল করার জন্য ওষুধ দেওয়াকে **সিডেশন** বলে। ওষুধগুলো (সিডেটিভ) সাধারণত আপনার শিরায় (ইন্ট্রাভিনাস বা আইভি) দেওয়া হয়, তবে কখনো কখনো মুখ দিয়ে (ওরাল) অথবা একটি ফেস মাস্কের মাধ্যমে দেওয়া হয়।

যিনি আপনাকে সিডেশন দেন, সেই স্বাস্থ্যকর্মীকে **সিডেশনিস্ট** নামে ডাকা হয়। অপারেশন থিয়েটারে একজন অ্যানেস্থেটিক ডাক্তারই সাধারণত সিডেশনিস্ট এর ভূমিকা পালন করেন। হাসপাতালের অন্যান্য জায়গায় বা হাসপাতালের বাইরের ক্লিনিকগুলোতে এটা হতে পারেন একজন ডাক্তার অথবা অন্য কোনো প্রশিক্ষিত স্বাস্থ্যকর্মী।

ইন্ট্রাভিনাস সিডেশন এর তিনটি ভিন্ন স্তর আছে। এগুলো হলো ‘ন্যূনতম’, ‘মাঝারি’ (কখনো কখনো সজ্ঞান সিডেশনও বলা হয়) এবং ‘গভীর’ সিডেশন। তবে স্তরগুলো সুনির্দিষ্ট নয় এবং এগুলো একজন রোগী ওষুধের প্রতি কতটা সংবেদনশীল তার ওপর নির্ভর করে।

## সিডেশন এবং জেনারেল অ্যানেস্থেসিয়ার পার্থক্য কী?

সিডেশন এবং জেনারেল অ্যানেস্থেসিয়ার মধ্যে প্রধান পার্থক্যগুলো হলো :

- আপনার সংজ্ঞার স্তর
- আপনার শ্বাসপ্রশ্বাসের সুবিধার্থে প্রয়োজনীয় সরঞ্জাম
- সম্ভাব্য পার্শ্ব প্রতিক্রিয়াসমূহ।

ন্যূনতম ও মাঝারি সিডেশনে আপনি আরাম, তন্দ্রাচ্ছন্ন এবং শিথিল অনুভব করবেন। আপনি মাঝে মাঝে ঘুমিয়ে পড়তে পারেন, তবে সহজেই জেগে ওঠা যাবে।

জেনারেল অ্যানেস্থেসিয়ায় পুরো প্রক্রিয়া জুড়ে আপনি সম্পূর্ণ সংজ্ঞাহীন ও অচেতন থাকবেন।

গভীর সিডেশন হলো এই দুটির মাঝামাঝি অবস্থা।

| ন্যূনতম সিডেশন (অ্যাংঘিওলিসিস) | মাঝারি সিডেশন (সজ্ঞান সিডেশন) | গভীর সিডেশন |
|---|---|---|
| আপনাকে **অল্প পরিমাণে** সিডেটিভ ওষুধ দেওয়া হবে | আপনাকে **আরেকটু বেশি সিডেটিভ** দেওয়া হবে | আপনাকে **অধিক পরিমাণে এক বা একাধিক সিডেটিভ ওষুধ** দেওয়া হবে |
| আপনি **স্বস্তি বোধ** করবেন এবং আপনার চারপাশে কী ঘটছে তা নিয়ে আপনি **কম উদ্বিগ্ন** হবেন | আপনার **বেশ স্বস্তি** অনুভূত হবে এবং **ঘুম পাবে** | আপনার চিকিৎসা চলাকালীন বেশিরভাগ সময় আপনি **ঘুমাবেন** |
| আপনি **জেগে থাকবেন** এবং স্বাভাবিকভাবে **কথা বলতে পারবেন** | আপনার **ঘুম আসবে** তবে আপনি **স্বাভাবিকভাবে কথা বলতে পারবেন** এবং আপনাকে দেওয়া সহজ নির্দেশাবলী অনুসরণ করতে পারবেন | আপনি **ঘুমিয়ে থাকবেন** এবং চিকিৎসা চলাকালীন বেশিরভাগ সময় আপনার **কথা বলতে পারার সম্ভাবনা নেই** |
| আপনি আপনার চিকিৎসার কথা **সম্ভবত মনে রাখতে পারবেন**, তবে সবকিছু নয় | আপনি আপনার চিকিৎসার কিছু অংশ **হয়তো মনে রাখবেন** | আপনি আপনার চিকিৎসার **অনেক কিছুই মনে রাখতে পারবেন না** – সিডেশনের মাত্রা প্রয়োজন অনুযায়ী নিয়ন্ত্রণ করা হবে |
| ন্যূনতম সিডেশন আপনার **শ্বাসপ্রশ্বাসে ব্যাঘাত ঘটাবে না** | মাঝারি সিডেশন আপনার **শ্বাসপ্রশ্বাসে ব্যাঘাত ঘটাবে না** | আপনার **শ্বাসপ্রশ্বাস ধীর হয়ে যেতে পারে**। আপনার সিডেশনিস্ট পর্যবেক্ষণ করবেন এবং প্রয়োজনে সাহায্য করবেন।<br><br>যুক্তরাজ্যে এমন কর্মীদের দ্বারা গভীর সিডেশন তদারকি হতে হবে যাদের একজন অ্যানেস্থেটিক ডাক্তারের সমপর্যায়ের প্রশিক্ষণ ও দক্ষতা আছে। |

## ওরাল সিডেশন কী?

জেনারেল অ্যানেস্থেটিকের আগে আপনি খুব দুশ্চিন্তাগ্রস্ত থাকলে কখনো কখনো একটি সিডেটিভ ট্যাবলেট (যেমন ডায়াজিপাম) আপনাকে শিথিল করতে সাহায্য করতে পারে, তবে প্রক্রিয়া চলাকালীন শুধুমাত্র এটিই আপনাকে শিথিল করতে যথেষ্ট নয়। এটি কাজ করতে কিছুটা সময় নেয়, এবং ডোজের পরিমান বিভিন্ন মানুষের ক্ষেত্রে পরিবর্তিত হয়।

আপনার পরিচর্যাকারী দলের কাছ থেকে সম্মতি না পেয়ে থাকলে আপনি হাসপাতালে আসার আগে আপনার জিপি-কে মুখে খাওয়ার সিডেটিভ দেওয়ার জন্য অনুরোধ করবেন **না**, অন্যথায় আপনার চিকিৎসা চালিয়ে যাওয়া সম্ভব না-ও হতে পারে।

আপনার ডাক্তারের সাথে সাক্ষাতের সময় পরিষ্কারভাবে চিন্তা করতে পারা খুবই গুরুত্বপূর্ণ যাতে অপারেশন ও প্রক্রিয়ার সুবিধা ও ক্ষতির ঝুঁকিগুলো নিয়ে আলোচনা করতে পারেন। এরপর আপনাকে একটি ফরমে সই করতে হবে যাতে উল্লেখ থাকবে যে আপনি অপারেশন বা চিকিৎসায় সম্মত।

## ইন্ট্রাভিনাস সিডেশন কী?

আপনাকে শিথিল করার জন্য একটি ছোটো প্লাস্টিকের টিউব (ক্যানুলা নামেও পরিচিত) ব্যবহার করে আপনার রক্তে ইনজেকশনের মাধ্যমে সিডেটিভ ওষুধ প্রয়োগ করার পদ্ধতি হলো ইন্ট্রাভিনাস সিডেশন, এই টিউবটি সাধারণত আপনার হাত বা বাহুর একটি শিরায় স্থাপন করা হয়।

সিডেশনিস্টরা সঠিক পরিমাণে সিডেটিভ প্রয়োগ এবং যে-কোনো পার্শ্ব প্রতিক্রিয়ার মোকাবেলা করার জন্য প্রশিক্ষিত। আপনার চিকিৎসার সময় সিডেশনিস্ট আপনার সাথে থাকবেন এবং আপনার শ্বাস-প্রশ্বাস ও অক্সিজেনের মাত্রা পর্যবেক্ষণ করবেন।

## ইন্ট্রাভিনাস সিডেশনের মাধ্যমে কোন কোন চিকিৎসা করা যায়?

লোকাল অ্যানেস্থেসিয়ার সাথে ইন্ট্রাভিনাস সিডেশনের মাধ্যমে প্রায়ই অনেক ছোটোখাটো চিকিৎসা এবং পরীক্ষা করা যায়। কয়েকটি উদাহরণ হলো :

- ত্বক বা স্তনের বায়োপসি
- ভাঙ্গা হাড় সামান্য মেরামত
- ত্বক, হাত বা পায়ে ছোটোখাটো অপারেশন
- পাকস্থলী (এন্ডোস্কোপি), ফুসফুস (ব্রোঙ্কোস্কোপি), বৃহদান্ত্র (কোলনস্কোপি), বা মূত্রাশয়ের (সিস্টোস্কোপি) সমস্যা নির্ণয়ে সহায়তা
- দাঁত উত্তোলন অথবা দাঁতের অন্যান্য চিকিৎসা
- চোখের অপারেশন, যেমন ছানি অপসারণ
- কসমেটিক সার্জারি

সিডেশন এবং লোকাল অ্যানেস্থেসিয়ার সাহায্যে আরও কিছু বিশদ চিকিৎসা করা যেতে পারে।

### দাঁতের অপারেশন এবং কসমেটিক ক্লিনিকগুলোতে সিডেশন

হাসপাতালে প্রায়ই সিডেশন প্রয়োগ করে চিকিৎসা করা হয়। তবে দাঁতের অপারেশনে অথবা বিশেষায়িত দাঁতের ক্লিনিকেও দাঁতের চিকিৎসায় ব্যবহৃত সিডেশন প্রয়োগ করা হতে পারে। কসমেটিক (সৌন্দর্যবর্ধন) সার্জারির জন্য ক্লিনিকে সিডেশন দেওয়া হতে পারে। আপনি একই মানের নিরাপদ পরিচর্যা পাবেন। প্রাপ্তবয়স্ক ও শিশুদের দাঁতের চিকিৎসার জন্য বিভিন্ন ধরণের সিডেশন আছে – আপনার সিডেশনিস্ট, ডেন্টিস্ট (দাঁতের ডাক্তার), অথবা কসমেটিক সার্জন উপযুক্ত সিডেশন নিয়ে আপনার সাথে আলোচনা

করবেন। তাঁরা অবশ্যই আপনার চিকিৎসার সময় কী ঘটবে এবং ঝুঁকিগুলো ব্যাখ্যা করবেন। আপনাকে দেওয়া যে-কোনো পরামর্শ ও নির্দেশনা সাবধানে অনুসরণ করা গুরুত্বপূর্ণ।

## আপনার চিকিৎসার জন্য সিডেশন একটি বিকল্প হলে এর সুবিধাগুলো কী কী?

- সিডেশন দ্রুত কাজ করে এবং এর ডোজ সমন্বয় করা যায় যাতে আপনি একদম সঠিক পরিমাণটি পান।
- এটি চিকিৎসার সময় আপনাকে শিথিল হওয়ার সুযোগ দেয়। পরবর্তীতে আপনি আপনার চিকিৎসার অনেক কিছুই হয়তো মনে করতে পারবেন না।
- কিছু প্রক্রিয়ায় কয়েক ধরণের চিকিৎসা জটিলতা থাকা রোগীদেরকে জেনারেল অ্যানেস্থেটিকের বদলে সিডেশন দেওয়া হতে পারে।
- জেনারেল অ্যানেস্থেটিকের চেয়ে এটির পার্শ্ব প্রতিক্রিয়া সাধারণত আরও কম।
- জেনারেল অ্যানেস্থেটিকের চেয়ে দ্রুত সেরে ওঠা যায়, তাই সুস্থ বোধ করলে চিকিৎসার এক বা দুই ঘন্টার মধ্যেই আপনি বাড়ি যেতে পারবেন।

## সিডেশনের বিকল্পগুলো কী?

- **জেনারেল অ্যানেস্থেটিক** : আপনি পুরোপুরি অজ্ঞান থাকবেন এবং প্রক্রিয়াটির কোনও স্মৃতি থাকবে না।
- **কোনও সিডেশন ছাড়াই লোকাল অ্যানেস্থেটিক** : চিকিৎসা চলাকালীন আপনি সম্পূর্ণ সজাগ থাকবেন, তবে সেটা আরামপ্রদ হবে। একটি পর্দা স্থাপন করা হতে পারে যাতে আপনি প্রক্রিয়াটি দেখতে না পান।

## আমি সিডেশন নিতে পারব কি না সে সিদ্ধান্ত কে নেবেন?

মূল্যায়নের সময় আপনার ডাক্তার বা নার্সের সাথে আপনার চিকিৎসার জন্য সিডেশন বেছে নেওয়া যাবে কি না তা নিয়ে আলোচনা করতে পারেন। এটির কথা উল্লেখ করা না হলেও এটা নেওয়া সম্ভব কি না আপনি জিজ্ঞেস করতে পারেন।

বিদ্যমান অসুস্থতা নিয়ে আপনি উচ্চ ঝুঁকিতে থাকলে ডাক্তাররা আপনার সাথে বিকল্পগুলো নিয়ে আলোচনা করবেন। এরপর আপনারা একসাথে সেরা বিকল্পটির জন্য একমত হতে পারেন।

## সিডেশনের মাধ্যমে প্রক্রিয়ার জন্য প্রস্তুতি নিতে আমি কী করতে পারি?

- আপনার যদি কাউকে দেখাশোনা করতে হয়, যেমন শিশু বা বৃদ্ধ, তাহলে প্রক্রিয়ার পরের দিন পর্যন্ত তাদের দেখাশোনা করার জন্য আপনার অন্য কারো কথা পরিকল্পনা করে রাখা লাগবে।
- একজন সক্ষম প্রাপ্তবয়স্ক ব্যক্তি আপনাকে বাড়িতে নিয়ে গেলে সবচেয়ে ভালো হবে, সিডেশনের পরে গণপরিবহন ব্যবহার না করার পরামর্শ দেওয়া হয়। যেহেতু সিডেশনের প্রভাব ২৪ ঘন্টা পর্যন্ত স্থায়ী হতে পারে, তাই আপনার দেখাশোনা করার জন্য তাঁর আপনার সাথে সারারাত থাকা উচিত।
- যে-কোনো ইনহেলার এবং আপনি নিয়মিত গ্রহণ করেন এমন ওভার-দ্য-কাউন্টার ওষুধসহ আপনার সমস্ত ওষুধ সাথে করে হাসপাতালে নিন।
- আপনার অসুস্থতা থাকলে বা ঠান্ডা লাগলে, অথবা আপনি গর্ভবতী হলে অনুগ্রহ করে আপনার হাসপাতাল বা ক্লিনিকের সাথে যোগাযোগ করুন, কারণ এই অবস্থায় সিডেশন নেওয়া নিরাপদ না-ও হতে পারে। আপনার চিকিৎসার পরিকল্পনা নতুন করে সাজানোর দরকার হতে পারে।

- আপনি বুকের দুধ পান করালে প্রক্রিয়ার দিনটিতে আপনার ডাক্তারকে সেটি জানান।
- হাসপাতাল বা ক্লিনিকে আসার আগে নখের নেইল পলিশ সহ সকল গহনাগাঁটি ও মেকআপ তুলে ফেলুন। আপনি চাইলে বিয়ের আংটি পরে থাকতে পারবেন।
- আরাম পাওয়ার জন্য এবং নিজেকে উষ্ণ রাখার জন্য কিছু ঢিলেঢালা পোষাক আনুন, যেমন ড্রেসিং বা ফ্লিস গাউন। সহজে পায়ে ঢোকানো যায় এরকম সমতল জুতা পরুন।

## আমার চিকিৎসার আগে আমি খেতে বা পান করতে পারব?

কখন খাওয়া ও পান করা বন্ধ করতে হবে সেগুলো সহ অন্যান্য বিষয়ে ক্লিনিক বা হাসপাতাল থেকে আপনাকে পরিষ্কার নির্দেশনা দেওয়া হবে।

**মাঝারি এবং গভীর সিডেশনের ক্ষেত্রে** চিকিৎসার ছয় ঘন্টা আগে আপনার খাওয়া বন্ধ করতে হবে, তবে আপনি আপনার চিকিৎসার দুই ঘন্টা আগ পর্যন্ত স্বাভাবিক পরিমাণে 'স্বচ্ছ তরল' পান করতে পারবেন। স্বচ্ছ তরলগুলোর মধ্যে রয়েছে জল, জল-মিশ্রিত ফলের রস (কোনও টুকরো অংশ ছাড়া) এবং দুধ ছাড়া চা বা কফি।

এর চেয়ে বেশি সময় ধরে খাওয়াদাওয়া বা পান করা বন্ধ না রাখার চেষ্টা করুন।

ন্যূনতম সিডেশনের ক্ষেত্রে সাধারণত উপোস থাকার প্রয়োজন হয় না, তবে এক্ষেত্রে হাসপাতালের থেকে পাওয়া নির্দেশনা মেনে চলা গুরুত্বপূর্ণ।

আপনার ডায়াবেটিস থাকলে কখন ডায়েবেটিসের ওষুধ খাওয়া উচিত এবং খাবার খাওয়া বন্ধ করা উচিত সে ব্যাপারে অবশ্যই সুনির্দিষ্ট নির্দেশনা চাইবেন।

## আমার চিকিৎসার দিনে কী ঘটবে?

আপনাকে সাধারণত একটি গাউন পরতে দেওয়া হবে। আপনি অপারেশন কক্ষে গেলে সিডেশনিস্ট আপনার শরীরে কিছু পর্যবেক্ষণের যন্ত্র যুক্ত করবেন। এই যন্ত্রপাতিগুলোর মধ্যে সাধারণত থাকবে :

- আপনার বাহুতে একটি রক্তচাপ মাপার যন্ত্র (ব্লাডপ্রেশার কাফ)
- হৃৎযন্ত্রের তরঙ্গ রেকর্ড করার জন্য আপনার বুকের উপরের অংশে দুটি স্টিকার
- আপনার শরীরে অক্সিজেনের মাত্রা নির্ণয়ের জন্য আপনার আঙ্গুলে একটি ক্লিপ
- আপনার নিঃশ্বাসের সাথে নির্গত কার্বন ডাইঅক্সাইড এর পরিমাণ নির্ণয়ের জন্য একটি প্লাস্টিকের পাতলা টিউব। এটি সাধারণত একটি অক্সিজেন মাস্কের সাথে সংযুক্ত থাকে।

## কীভাবে ইন্ট্রাভিনাস সিডেশন দেওয়া হয়?

- সিডেশনটি একটি ড্রিপের (ক্যানুলা) সাহায্যে আপনার বাহু অথবা হাতের উল্টো দিকের শিরায় দেওয়া হয়। প্রক্রিয়া চলাকালীন আপনার প্রয়োজন অনুযায়ী আরও সিডেটিভ দেওয়া হতে পারে। গভীর সিডেশনে সাধারণত আপনার শিরায় ক্রমাগত একটি ওষুধ প্রয়োগ করা হয়।
- আপনি সাধারণত আপনার নাকের ভেতরে স্থাপন করা একটি প্লাস্টিক টিউব অথবা একটি ফেস মাস্কের মাধ্যমে নিঃশ্বাস নেওয়ার জন্য অতিরিক্ত অক্সিজেন পাবেন।

## সিডেশনে কীরকম অনুভূতি হয়?

ওষুধের মাত্রার উপর নির্ভর করে এটি একেক জনের ক্ষেত্রে একেক রকম হবে। গভীর সিডেশনে আপনি ঘুমিয়ে থাকবেন, তবে হালকা বা মাঝারি সিডেশনে আপনার সাধারণত আরামদায়ক স্বস্তির অনুভূতি হবে।

আমরা কয়েকজন রোগীদেরকে জিজ্ঞেস করেছিলাম যে তাঁদের কেমন লেগেছিল, কিছু উত্তর ছিল :

'*আমার খুব ঘুম ঘুম লাগছিল এবং মনে হচ্ছিল আমি স্বপ্ন দেখছিলাম।*'

'*আমার মনে হচ্ছিল আমি পুরোটা সময় জুড়েই জেগে ছিলাম, কিন্তু আমি নিশ্চয়ই মাঝে মাঝে ঘুমিয়ে পড়েছিলাম, কারণ চোখ খুলতেই দেখছিলাম এক ঘন্টা হয়ে গেছে।*'

'*আমার সত্যিই আরাম লাগছিল এবং আমি সুখি অনুভব করছিলাম।*'

'*এটা অদ্ভুত ছিল – আমি আমার চারপাশের পরিবেশ থেকে খুব বিচ্ছিন্ন অনুভব করছিলাম।*'

## প্রক্রিয়ার পর বাড়ি ফেরা

- আপনাকে হালকা বা মাঝারি সিডেশন দেওয়া হলে আপনি সাধারণত চিকিৎসার এক বা দুই ঘন্টার মধ্যে বাড়ি যেতে পারবেন।
- গভীর সিডেশন দেওয়া হলে সেরে উঠতে আপনার দুই ঘন্টা বা তার চেয়ে বেশি সময় লাগতে পারে। আপনি কখন বাড়ি ফিরতে পারবেন তা প্রক্রিয়াটি থেকে সেরে উঠতে কীরকম সময় লাগবে, তার ওপরেও নির্ভর করতে পারে।
- যেমনটি আগেই বলা হয়েছিল, একজন সক্ষম প্রাপ্ত বয়স্ক ব্যক্তির আপনাকে গাড়িতে বা ট্যাক্সিতে (গণপরিবহন ব্যবহার না করাই শ্রেয়) করে বাড়ি নিয়ে যাওয়া লাগবে এবং তিনি সারা রাত আপনার সাথে থাকবেন। আপনি যদি চিকিৎসার পরে কাউকে আপনার সাথে থাকার ব্যবস্থা না করে থাকেন, তাহলে আপনাকে সারা রাত হাসপাতালে থাকতে হতে পারে, অথবা আপনার চিকিৎসা স্থগিত করার দরকার হতে পারে।
- সিডেশনের ফলে আপনি সম্ভবত ঠিকভাবে দাঁড়াতে পারবেন না। সিঁড়ি দিয়ে ওঠানামা করার সময় অনুগ্রহ করে সাবধানে থাকুন এবং হাঁটায় সমস্যা হলে কাউকে সাথে রাখুন।
- চিকিৎসার পর ২৪ ঘন্টা পর্যন্ত আপনার সিদ্ধান্ত গ্রহণ ও বিবেচনা করার ক্ষমতা প্রভাবিত হতে পারে, তাই ঐ সময়ে আপনার কোনও গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়া উচিত হবে না। সোশ্যাল মিডিয়া/পাবলিক ফোরামেও পোস্ট করা থেকে আপনার বিরত থাকা উচিত।
- আপনার শরীর থেকে ওষুধের কার্যকারিতা কাটতে ২৪ ঘন্টা পর্যন্ত লাগতে পারে, তাই এই সময়ের মধ্যে আপনার কাজে ফেরা, আপনার ওপর নির্ভরশীল কারও দেখাশোনা করা, রান্না করা অথবা কোনও যন্ত্রপাতি চালানো উচিত হবে না।
- প্রক্রিয়া শেষ হওয়ার ২৪ ঘন্টা পর্যন্ত আপনার অ্যালকোহল গ্রহণ করা অথবা ঘুমের ওষুধ খাওয়া উচিত নয়।
- ঘরে মেনে চলার জন্য আপনার ডাক্তার আপনাকে লিখিত নির্দেশনা দেবেন।
- আপনি বাড়িতে অসুস্থ বোধ করলে যোগাযোগের জন্য হাসপাতাল থেকে আপনাকে একটি ফোন নম্বর দেওয়া হবে।

- যদি প্রক্রিয়াটির পরে আপনি উদ্বিগ্ন হন, অসুস্থ বোধ করেন বা হাসপাতালে যোগাযোগের নম্বরটি খুঁজে না পান তবে আপনি আপনার জিপি-কে বা ১১১ নম্বরে ফোন করতে পারেন, অথবা প্রয়োজনে একজন সক্ষম প্রাপ্তবয়স্ক ব্যক্তির সাথে আপনার স্থানীয় দুর্ঘটনা ও জরুরি বিভাগে যেতে পারেন।

# পার্শ্ব প্রতিক্রিয়া, জটিলতা এবং ঝুঁকিসমূহ

আধুনিক সিডেশনে গুরুতর সমস্যাগুলো সাধারণত ঘটে না। ঝুঁকি সম্পূর্ণভাবে দূর করা সম্ভব নয়, তবে আধুনিক ওষুধ, যন্ত্রপাতি এবং প্রশিক্ষণ সিডেশন প্রক্রিয়াকে সাম্প্রতিক বছরগুলোতে অনেকটাই নিরাপদ করেছে।

সিডেশনিস্ট খুব যত্নের সাথে এখানে বর্ণিত ঝুঁকিগুলো এড়িয়ে যান। তাঁরা আপনাকে এই ঝুঁকিগুলোর যে-কোনোটি সম্পর্কে আরও তথ্য দিতে পারবেন এবং সেগুলো এড়াতে তাঁরা কী করেন তা বলতে পারবেন।

বিভিন্ন মানুষ শব্দ ও সংখ্যার ভিন্ন ভিন্ন অর্থ করতে পারেন। এই স্কেলটি বুঝতে সাহায্যের জন্য দেওয়া হয়েছে।




| খুব সাধারণ | সাধারণ | অস্বাভাবিক | বিরল | খুবই বিরল |
|---|---|---|---|---|
| **১০ জনের মধ্যে ১ জন** | **১০০ জনের মধ্যে ১ জন** | **১,০০০ জনের মধ্যে ১ জন** | **১০,০০০ জনের মধ্যে ১ জন** | **১০০,০০০ জনের মধ্যে ১ জন** |
| আপনার পরিবারে একজন | আপনার পাড়ায় বসবাসকারীদের মধ্যে একজন | একটি গ্রামের মধ্যে একজন | একটি ছোটো শহরের মধ্যে একজন | একটি বড় শহরের মধ্যে একজন |

কলেজ ওয়েবসাইটে রোগীদের জন্য তথ্যের পেজগুলো থেকে আপনি আরও তথ্য পাবেন : [www.rcoa.ac.uk/patient-information/translations/bengali](www.rcoa.ac.uk/patient-information/translations/bengali)

## আপনার সিডেশনের সময় ঝুঁকিসমূহ

- আপনার শ্বাসপ্রশ্বাসের গতি ধীর হয়ে যেতে পারে; গভীর সিডেশনে সাধারণ হলেও যে-কোনো সিডেশনেই এটি একটি ঝুঁকি। আপনার সিডেশনিস্ট আপনাকে পর্যবেক্ষণে রাখতে দক্ষ এবং তিনি প্রয়োজনে আপনাকে শ্বাসপ্রশ্বাস নিতে সাহায্য করতে পারবেন।
- আপনার রক্তচাপ সামান্য কমে যাওয়া খুবই সাধারণ ঘটনা, তবে সিডেশনিস্ট এটি সামাল দিতেও প্রশিক্ষিত।
- আপনার ক্যানুলা যেখানে লাগানো হয়েছিল সেখানে একটি ছোটো কালচে দাগ থেকে যাওয়া খুবই স্বাভাবিক।
- অসুস্থ বোধ করা বা বমি হওয়ার ঘটনা সচরাচর ঘটে না।
- আপনার পাকস্থলীর উপাদানগুলো ফুসফুসে চলে যাওয়ার একটি বিরল ঝুঁকি থাকে। এই ঝুঁকি সর্বনিম্নে রাখতে খাওয়া এবং পান করার নির্দেশনা মেনে চলা জরুরি।

- সিডেশনের কোনও অ্যালার্জিক পার্শ্ব প্রতিক্রিয়া খুবই বিরল।

## সিডেশন পরবর্তী ঝুঁকিসমূহ

- তন্দ্রাচ্ছন্ন হওয়া এবং পা টলমল করা করা খুবই সাধারণ। আপনি পড়ে যাওয়ার উচ্চ ঝুঁকিতে থাকতে পারেন, বিশেষ করে আপনি যদি বয়স্ক হন।
- সিডেশনের পর ২৪ ঘন্টা পর্যন্ত আপনার বিবেচনার ক্ষমতা এবং স্মৃতিশক্তি বিঘ্নিত হতে পারে।

## আপনার সিডেশন সম্পর্কে যেসব প্রশ্ন করতে পারেন

1. আমার সিডেশন কে প্রয়োগ করবেন?
2. আমার ও আমার চিকিৎসা প্রক্রিয়ার জন্য কোন ধরনের সিডেশন সবচেয়ে ভালো?
3. আমার কি বিশেষ কোনও ঝুঁকি আছে?
4. প্রক্রিয়া শুরুর কতক্ষণ আগে আমি খাওয়া ও পান করা বন্ধ করব?
5. আমাকে হাসপাতালে নেওয়ার ব্যবস্থা করার জন্য আমি কোন সময়টা ঠিক করব?

## অতিরিক্ত সংস্থানসমূহ

- জেনারেল অ্যানেস্থেটিক বা সিডেশন নেওয়া ব্যক্তির যত্ন (www.rcoa.ac.uk/patient-information/translations/bengali).
- Academy of Medical Royal Colleges. *Safe Sedation Practice for Healthcare Procedures: An update. AoMRC*, 2021 (https://bit.ly/3wEoHGy).
- Academy of Medical Royal Colleges. *Safe Sedation Practice for Healthcare Procedures: Standards and Guidance*. *AoMRC*, 2013 (http://bit.ly/301ndq8).
- Intercollegiate Advisory Committee for Sedation in Dentistry. *Standards for Conscious Sedation in the Provision of Dental Care. RCS*, 2020 (https://bit.ly/3vz0YWP).
- অ্যানেস্থেটিক বা অ্যানেস্থেটিক পদ্ধতির নির্দিষ্ট ঝুঁকি সম্পর্কিত লিফলেটগুলো কলেজ ওয়েবসাইটেও পাওয়া যাবে : www.rcoa.ac.uk/patient-information/translations/bengali

আমরা এই লিফলেটের তথ্য সঠিক ও হালনাগাদকৃত রাখার সর্বোতভাবে প্রচেষ্টা করি, কিন্তু তার নিশ্চয়তা দেওয়া সম্ভব নয়। আমরা প্রত্যাশা করি না যে এই সাধারণ তথ্যে আপনার সম্ভাব্য সমস্ত প্রশ্নের উত্তর দেওয়া হয়েছে অথবা আপনার জন্য গুরুত্বপূর্ণ সমস্ত বিষয় নিয়ে বিশদে আলোচনা করা হয়েছে। এই লিফলেটটিকে নির্দেশনা হিসেবে ব্যবহার করে, আপনার নিজস্ব পছন্দ-অপছন্দ এবং উদ্বেগ নিয়ে আপনার চিকিৎসা দলের সাথে আলোচনা করা উচিৎ। এই লিফলেটকে পৃথকভাবে চিকিৎসা পরামর্শ হিসেবে ব্যবহার করা উচিৎ নয়। এটি কোনও বাণিজ্যিক বা ব্যবসার উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না। সম্পূর্ণ দায় বর্জন বিবৃতি দেখতে এখানে (www.rcoa.ac.uk/patient-information/translations/bengali) ক্লিক করুন।

সমস্ত অনুবাদ ট্রান্সলেটর্স উইদাউট বর্ডার্সের (Translators without Borders) অনুবাদকগণ সরবরাহ করেছেন। অনুবাদগুলিকে যথাসম্ভব নির্ভুল করতে সেগুলির মান পরীক্ষা করা হয়েছে, তবে কিছু তথ্যের ভুল অর্থ এবং ভুল ব্যাখ্যার সম্ভাবনা রয়েছে।

# আমরা আপনার মতামত জানতে আগ্রহী

এই লিফলেটটি আরও উন্নত করার জন্য আমরা আপনার পরামর্শ জানতে চাই।

আপনার কোনও মন্তব্য থাকলে অনুগ্রহ করে এই ঠিকানায় ইমেইল করুন : patientinformation@rcoa.ac.uk

**Royal College of Anaesthetists**
Churchill House, 35 Red Lion Square, London WC1R 4SG
020 7092 1500

## www.rcoa.ac.uk

দ্বিতীয় সংস্করণ, জুন ২০২১

এই লিফলেটটি প্রকাশনার তারিখ থেকে তিন বছরের মধ্যে পুনরায় পর্যালোচনা করা হবে।

**© 2021 Royal College of Anaesthetists**

রোগীদের তথ্য সরবরাহের উপকরণ প্রস্তুতের জন্য এই লিফলেটটি কপি করা যেতে পারে। অনুগ্রহ করে প্রকৃত সূত্র উল্লেখ করুন। আপনি যদি এই লিফলেটটির অংশবিশেষ অন্য কোনও প্রকাশনার কাজে ব্যবহার করতে চান তাহলে কৃতজ্ঞতা স্বীকার করতে হবে, এবং লোগো, ব্র্যান্ডিং ও চিত্র অপসারণ করতে হবে। আরও তথ্য জানতে অনুগ্রহ করে আমাদের সাথে যোগাযোগ করুন।